

অটল পেনশন যোজনা—একটি অভিনব সামাজিক সুরক্ষা প্রকল্প

অটল পেনশন যোজনার মূখ্য বিষয়গুলি হল :

- ১) ষাট বছর বয়সের পর থেকে মাসিক পেনশন পাওয়া যাবে আজীবন।
- ২) পেনশন ভোগীর মৃত্যুর পর তাঁর স্ত্রী-বা স্বামী আজীবন সমান পরিমাণ পেনশন পাবেন।
- ৩) সর্বশেষ পেনশন ভোগীর মৃত্যুর পর তাঁর মনোনিত ব্যক্তি এককালীন টাকা ফেরত পাবেন।
- ৪) পেনশনের পরিমাণ আপনার পছন্দমত স্থির করতে পারবেন।
- ৫) নূন্যতম গ্যারান্টিকৃত পেনশনের পরিমাণ মাসে ১০০০/২০০০/৩০০০/৪০০০/৫০০০ টাকা।
- ৬) প্রকল্পে যোগদানের পরেও প্রয়োজনমত যেকোনো সময় পেনশনের পরিমাণ বাড়াতে বা কমাতে পারেন।
- ৭) পেনশনের পরিমাণ ও প্রকল্পে যোগদানের বয়স অনুযায়ী মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক জমার পরিমাণ নির্ধারিত হবে— যা আপনার ব্যাঙ্কের খাতা থেকে স্বয়ংক্রিয়ভাবে কেটে পেনশন প্রকল্পে জমা হবে।
- ৮) ১৮ থেকে ৪০ বছর বয়সী পুরুষ বা মহিলা এই প্রকল্পে যোগ দিতে পারেন।
- ৯) স্বামী এবং স্ত্রী পৃথক পৃথক ভাবে প্রকল্পে যোগ দিতে পারেন।
- ১০) প্রকল্পে যোগদানকারী স্বামীর মৃত্যুর পর স্ত্রী বা স্ত্রীর মৃত্যুর পর স্বামী আজীবন সমান হারে পেনশন পাবেন। উভয়ের মৃত্যুর পর, মনোনিত ব্যক্তি এককালীন টাকা ফেরত পাবেন।
- ১১) প্রকল্পে যোগদান কারীর ব্যাঙ্ক এ্যাকাউন্ট থাকা বাধ্যতামূলক।
- ১২) প্রকল্পে যোগদানের সময় স্ত্রী/স্বামীর নাম ও মনোনিত ব্যক্তির নাম দেওয়া বাধ্যতামূলক।

অটল পেনশন প্রকল্পে যোগদান করা আপনার কাছে কতটা
লাভজনক তা নিম্নলিখিত উদাহরণ থেকে বুঝতে পারবেন।

উদাহরণঃ-

- ❖ জমাকারী : পুরুষ
- ❖ যোগদানের বয়স-৩৯ বছর
- ❖ পেনশন চান- মাসে ১০০০টাকা
- ❖ প্রকল্পটি চালাবেন-২১ বছর
- ❖ বছরে জমা করবেন ৩১১৬ টাকা
- ❖ ২১ বছরে জমা করবেন ৬৫,০০০ টাকা
- ❖ ৬০ বছর বয়সের পর পেনশন পাবেন প্রতি মাসে ১০০০টাকা
- ❖ ধরা যাক উনি বাঁচবেন ৭২ বছর

ক) তাহলে ১২ বছরে উনি পেনশন পাবেন ১,৪৪,০০০ টাকা
ধরা যাক মৃত্যুকালে ওনার স্ত্রীর বয়স : ৬৫ বছর
ধরা যাক স্ত্রী বাঁচবেন— ৭৫ বছর

খ) তাহলে স্ত্রী ১০ বছরে একই হারে পেনশন পাবেন—
১,২০,০০০ টাকা।

গ) ওনার স্ত্রীর মৃত্যুর পর মনোনিত ব্যক্তি পাবেন ১,৭০,০০০ টাকা
(অর্থাৎ স্বামী এবং স্ত্রী উভয়ের মৃত্যুর পর)

অতএব মোট ফেরৎ পাবেন। (ক) + (খ) + (গ) = ৪,৩৪,০০০ টাকা
মোট জমা করেছিলেন : ৬৫,০০০ টাকা
লাভ : ৩,৬৯,০০০ টাকা

**সরকারী এই পেনশন যোজনায় যোগদিন
আপনার ভবিষ্যৎ সুরক্ষিত করুন।**

পশ্চিমবঙ্গ গ্রামীণ ব্যাঙ্ক
(একটি সরকারী সংস্থা)



PASCHIM BANGA GRAMIN BANK
(A GOVT. ENTERPRISE)

আপনাদের ব্যাঙ্ক, ব্যাঙ্কিং পরিষেবা সবার জন্য।

Bank For 'U'-Banking For All